

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 01-12-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর:-

১) পশ্চিমবঙ্গের ২ হাজারের বেশি বুথে ১-শো শতাংশ অনুমারেশন ফর্ম জমা পড়ায় নির্বাচন কমিশন, সংশ্লিষ্ট জেলার আধিকারিকদের থেকে বিস্তারিত রিপোর্ট তলব করেছে।

এস আই আর-এ রাজ্যে অবৈধভাবে নাম নথিভুক্ত করা হয়েছে বলে বিজেপি-র অভিযোগ।

২) রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের বাইরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপি-র প্রতিনিধি দল এবং বিএলও অধিকার রক্ষা কমিটির সদস্যদের মধ্যে বাদানুবাদের জেরে তীব্র উত্তেজনা।

৩) কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রবীন্দ্রনাথ সামন্ত, রাজ্যের নতুন লোকায়ুক্ত নিযুক্ত হলেন। তিনি অসীম রায়ের স্থলাভিষিক্ত হলেন।

৪) ২৬ হাজার চাকরি বাতিলের নির্দেশ পুনর্বিবেচনা এবং নতুন নিয়োগ প্রক্রিয়ায় স্থগিতাদেশের আবেদন সুপ্রিম কোর্ট আজ ফের খারিজ করে দিয়েছে।

এদিকে, ২০১৬ সালে এসএসসি পরীক্ষায় শিক্ষক ও শিক্ষাকর্মী মিলিয়ে ৭ হাজার ২৯৩ অযোগ্য প্রার্থীর তালিকা প্রকাশের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫) বাংলা, মহিলাদের অনূর্ধ্ব-২৩ টি-টোয়েন্টি ক্রিকেটের এলিট গ্রুপের কোয়ার্টার ফাইনালে উঠেছে।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের দুহাজারের বেশি বুথে একশো শতাংশ অনুমারেশন ফর্ম জমা পড়ায় নির্বাচন কমিশন সংশ্লিষ্ট জেলার আধিকারিকদের থেকে বিস্তারিত রিপোর্ট তলব করেছে।

কমিশন সূত্রে জানা গেছে রাজ্যের মোট ২,২০৮টি বুথে একটিও ‘আনকলেস্টেবল’ অনুমারেশন ফর্ম পাওয়া যায়নি। এই সব বুথের এনিউমারেশন ফর্ম সম্পর্কিত রিপোর্ট আগামীকাল সকাল ১০টার মধ্যে জমা দিতে হবে। ওই রিপোর্টে সংশ্লিষ্ট বুথগুলির ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার (ইআরও)-এর সই থাকা বাধ্যতামূলক। ডিস্ট্রিক্ট ইলেকশন অফিসার (ডিইও)রা সেই রিপোর্ট কাউন্টার সিগনেচার করে জমা দেবেন।

এদিকে, অনুমারেশন ফর্মের ভুল তথ্য সংশোধনের সুযোগ দেবে নির্বাচন কমিশন। বুথ স্তরের আধিকারিক (বিএলও) এবং ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার (ইআরও)-দের ওই সুযোগ দেওয়া হবে। কমিশন সূত্রে খবর, ভোটারদের তথ্য নথিভুক্ত করার ক্ষেত্রে কোনও ভুল হয়ে থাকলে এ বার তা সংশোধন করা যাবে। আজই এই মর্মে বিজ্ঞপ্তি জারি করেছে কমিশন।

অন্যদিকে এনু্যমারেশন পর্বের শেষ লগ্নে নিজেদের কাজ প্রায় শেষ করে স্বস্তিতে বিএলও-রা। যাদবপুর বিধানসভা কেন্দ্রের এক বিএলও আকাশবাণীকে জানালেন প্রচুর চাপ নিতে হলেও এ তাঁর কাছে এক সম্পূর্ণ নতুন অভিজ্ঞতা।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০

এসআইআর তালিকায় রাজ্যে অবৈধভাবে নাম নথিভুক্ত করা হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি পরিষদীয় দলের সদস্যরা আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে ডেপুটেশন দিয়ে এই অভিযোগ জানান। পরে সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা বলেন, ২৬,২৭ ও ২৮শে নভেম্বর এই তিন দিনে নথিভুক্ত করা নামের সংখ্যা ৫

কোটি ৫০ লক্ষ থেকে আশ্চর্যজনকভাবে ৬ কোটি ৭৫ লক্ষে পৌঁছেছে। এই তিন দিনে এন্ট্রি করা হয়েছে ১ কোটি ২৫ লক্ষ নাম।

(বাইট - শুভেন্দু)

একই সঙ্গে দলের পক্ষ থেকে হিয়ারিং-এর সময় সিসিটিভি চালু রাখা এবং মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে কন্ট্রোল রুম থেকে তার ওপর নজরদারি চালানোর দাবিও জানানো হয়েছে। শ্রী অধিকারী আরো বলেন, হিয়ারিংয়ের কাজে স্বচ্ছতা বজায় রাখতে একজন মাইক্রো পর্যবেক্ষকের পদে নিরপেক্ষ আধিকারিককে নিয়োগ করতে হবে। সিইও দফতরের সামনে বিনা অনুমতিতে মাইক বাজিয়ে বিক্ষোভ দেখানো ও রাজনৈতিক দলের প্রতিনিধিদের প্রবেশে বাধা দেওয়া হচ্ছে। এবিষয়ে জড়িত পুলিশ আধিকারিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ারও দাবি জানিয়েছেন শ্রী অধিকারী।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের বাইরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপি প্রতিনিধি দল এবং বিএলও অধিকার রক্ষা কমিটি'-র সদস্যদের বাদানুবাদের জেরে আজ তীব্র উত্তেজনা সৃষ্টি হয়। এস আই আর চলাকালীন নানা কারণে মৃত বিএলও-দের পরিবারকে ক্ষতিপূরণ, এসআইআর-এর সময়সীমা ২ মাস বাড়ানোর মত দাবিতে কমিটির সদস্যরা আজ সকাল থেকেই মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের বাইরে অবস্থান করছিলেন। সে সময়েই পূর্ব নির্ধারিত কর্মসূচি অনুযায়ী বিরোধী দলনেতার নেতৃত্বে সেখানে যান বিজেপি বিধায়করা। চলতে থাকে শ্লোগান, পাল্টা শ্লোগান। ব্যারিকেড টপকে উঠে বিক্ষোভ দেখাতে থাকেন বিএলওরা। বিজেপি বিধায়করা মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করে বেরিয়ে আসার সময় আরও উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি। দু-পক্ষকে সামলাতে পুলিশকে হিমসিম খেতে হয়। পরে বিজেপি নেতাদের কর্ডন করে পুলিশ সেখান থেকে বের করে নিয়ে যায়।

কেন্দ্রীয় মন্ত্রী দলের প্রাক্তন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ সংসদের বাইরে বলেন, রাজ্য সরকার ইচ্ছাকৃতভাবে বিএলও-দের প্রাপ্য অর্থ আটকে

রেখেছে। এস আই আর-এর কাজে তাদের পরোক্ষে হুমকি দেওয়া হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

(বাইট – সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে এস আই আর ফরম জমা দেওয়ার সময়সীমা আরো একমাস বাড়ানোর দাবি জানিয়ে আজ প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দল স্পেশাল রোল অবজারভার সুব্রত গুপ্তর কাছে স্মারকলিপি জমা দিয়েছে। এস আই আর প্রক্রিয়ায় BLO দেব ওপর নানা ভাবে মানসিক চাপ তৈরি করা হচ্ছে বলে স্মারকলিপিতে এ ব্যাপারে উল্লেখ করার পাশাপাশি মতুয়াদের ভোটাধিকার সুরক্ষার দাবিও জানানো হয়েছে ওই স্মারকলিপিতে।

পাশাপাশি এস আই আর আবহে মতুয়াদের নিঃশর্ত ভোটাধিকারের দাবি নিয়ে মতুয়া সম্প্রদায়ের প্রতিনিধি দলের পক্ষ থেকে আজ পর্যন্ত তাদের দাবি সংক্রান্ত স্মারকলিপি রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর কাছে পেশ করা হয়েছে বলে জানা গেছে।

-০০০০০০০০০০০০০০০০০০০

নিঃশর্ত নাগরিকত্ব ও ভোটাধিকারের দাবিতে আজ মতুয়া সম্প্রদায়ের পক্ষ থেকে CEO দফতর অভিযানের ডাক দেওয়া হয়। কলেজ স্ট্রিট থেকে মিছিল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের দিকে এগোতে শুরু করলে পুলিশ, মিছিল গণেশ অ্যাভিনিউতে আটকে দেয়। তখনই শুরু হয় বিক্ষোভ। আজকের এই অভিযানে অংশ নেন, প্রাক্তন কংগ্রেস সাংসদ অধীর রঞ্জন চৌধুরী ও প্রদেশ কংগ্রেসের মুখপাত্র সৌম্য আইচ রায়। অধীর বাবু বলেন, অপরিকল্পিতভাবে এস আই আর করায় অনেক সাধারণ মানুষের সমস্যার সম্মুখীন হচ্ছেন। সম্পূর্ণ মানবিক কারণে তিনি মতুয়াদের পাশে দাঁড়িয়েছেন। এবিষয়ে কোন রাজনৈতিক উদ্দেশ্য, তার নেই বলেও মন্তব্য করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামীকাল বৈঠকে বসছেন। নবান্ন সংলগ্ন সভাঘরে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে মুখ্যসচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তী ডিজি রাজীব কুমার ছাড়াও সব দপ্তরের সচিবকে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। সব জেলাশাসকরাও ভার্চুয়ালী বৈঠকে যোগ দেবেন। বৈঠকে বিভিন্ন দপ্তরের কাজের অগ্রগতি নিয়ে বার্ষিক রিপোর্ট পেশ করা হতে পারে। এদিকে মুখ্যসচিব আজ নবান্ন থেকে ভার্চুয়ালি সব জেলাশাসকদের সঙ্গে পর্যালোচনা বৈঠকে বসেন।

অন্যদিকে, আগামীকালের বৈঠকের পরেই মুখ্যমন্ত্রীর মুর্শিদাবাদ রওনা হওয়ার কথা। এস আই আর-এর বিরোধিতা সহ বেশকিছু কর্মসূচী নিয়ে আগামীকাল মুর্শিদাবাদ থেকেই শুরু হচ্ছে মুখ্যমন্ত্রীর জেলা সফর। বুধবার মালদার গাজলে একটি জনসভা করবেন তিনি। এছাড়াও চার তারিখ বহরমপুরে প্রশাসনিক বৈঠকে যোগ দেবেন মুখ্যমন্ত্রী। আগামী ৯ তারিখ কোচবিহারে একটি পদযাত্রার পর জনসভা করবেন মুখ্যমন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা হাইকোর্ট ক্লাব নির্বাচনে বিজেপি জয়লাভ করেছে। ১০-টি আসনের মধ্যে ৭-টিতেই জয়ী হয়েছেন ভারতীয় জনতা পার্টির পশ্চিমবঙ্গের সমর্থিত প্রার্থীরা। প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট সহ অন্য সাতটি আসনও তাদের দখলে গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের নতুন লোকাযুক্ত নিযুক্ত হলেন কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রবীন্দ্রনাথ সামন্ত। তিনি অসীম রায়ের স্থলাভিষিক্ত হলেন। নবান্নে আজ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরোহিত্যে আয়োজিত বৈঠকে নতুন লোকাযুক্তের নাম

চূড়ান্ত করা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় এবং পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। যদিও পূর্ব ঘোষণা মত নির্বাচক মন্ডলীর অপর সদস্য বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বৈঠকে যোগ দেননি।

উল্লেখ্য, বিচারপতি সামন্ত বর্তমানে রাজ্যের রিয়াল এস্টেট রেগুলেটরি অথরিটি ট্রাইব্যুনালের চেয়ারম্যান।

অন্যদিকে রাজ্যের মানবাধিকার কমিশনের চেয়ারম্যান এবং সদস্য হিসাবে পুনরায় নিযুক্ত হয়েছেন, যথাক্রমে অবসরপ্রাপ্ত বিচারপতি জ্যোতির্ময় ভট্টাচার্য ও মধুমতি মিত্র।

০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কল্যাণী বিশ্ববিদ্যালয়ে আজ অনুষ্ঠিত হয় ৩১ তম সমাবর্তন উৎসব। এপিজে আবদুল কালাম অডিটোরিয়ামে রাজ্যপাল তথা আচার্য ড সি ভি আনন্দ বোস সমাবর্তনের উদ্বোধন করে বলেন, পরিবর্তনশীল দুনিয়ায় শিক্ষিত তরুণদের ভূমিকা আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠছে।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিড়লা ইনস্টিটিউট অফ টেকনোলজি এন্ড সায়েন্সেস এর উপাচার্য অধ্যাপক ভি রামগোপাল রাও। শ্রী রাওতার ভাষনে বলেন উচ্চশিক্ষার নতুন উৎকর্ষের যুগে প্রবেশ করেছে। উপাচার্য অধ্যাপক ডক্টর কল্লোল পাল দীক্ষান্ত ভাসনে গবেষণা ও উদ্ভাবনে বিশ্ববিদ্যালয়ের অঙ্গীকারের কথা তুলে ধরেন।

উল্লেখ্য, এ বছর ডিগ্রী তুলে দেয়া হয় ৬৯ হাজার ৯৯২ জনকে। ৩০৬ জন পান পিএইচডি। ১০১ জন মেধাবী ছাত্রছাত্রীকে দেওয়া হয় পদক।

০০০০০০০০০০০০০০০০০০

২৬ হাজার চাকরি বাতিলের নির্দেশ পুনর্বিবেচনা এবং নতুন নিয়োগ প্রক্রিয়ায় স্বগিতাদেশের আবেদন সুপ্রিম কোর্ট ফের একবার খারিজ করে দিয়েছে। প্রধান

বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ স্পষ্ট জানিয়েছে, চাকরি বাতিলের রায়ে নতুন করে হস্তক্ষেপ করবে না শীর্ষ আদালত। পাশাপাশি এস এস সি-র যে নতুন নিয়োগ প্রক্রিয়া হচ্ছে তাতে স্থগিতাদেশ দিতেও অস্বীকার করেছে বেঞ্চ।

উল্লেখ, এর আগে সুপ্রিম কোর্টের অন্য একটি বেঞ্চ এস এস সি নিয়োগ সংক্রান্ত সমস্ত মামলা কলকাতা হাইকোর্টে ফেরত পাঠিয়েছে।

স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালের পরীক্ষায় শিক্ষক-শিক্ষাকর্মী মিলিয়ে মোট ৭ হাজার ২-শো ৯৩ জন অযোগ্য চিহ্নিত প্রার্থীর সম্পূর্ণ তালিকা প্রকাশের নির্দেশ দিয়েছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা। ওই তালিকায় প্রার্থীর রোল নম্বর, প্রাপ্ত নম্বর, বাবার নাম ও ঠিকানার উল্লেখ থাকতে হবে। এর আগে ৩ হাজার ৫-শো ১২ জন অযোগ্য চিহ্নিত প্রার্থীর তালিকা প্রকাশ করেছিল কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশন শিক্ষাকর্মী নিয়োগের জন্য আবেদনের সময়সীমা বাড়িয়েছে। গ্রুপ সি ও গ্রুপ ডি পদে ৮ ডিসেম্বর পর্যন্ত অনলাইনে আবেদন জানানো যাবে। তেশরা নভেম্বর থেকে আবেদন জানানোর কাজ চলছে। এর আগে এই সময়সীমা তেশরা ডিসেম্বর পর্যন্ত থাকলেও, তা বাড়িয়ে আগামী ৮ তারিখ পর্যন্ত করা হয়।

উল্লেখ্য, গ্রুপ-সি-তে ২ হাজার ৯-শো ৮৯-টি এবং গ্রুপ-ডি-তে ৫ হাজার ৪-শো ৮৮-টি শূন্য পদের জন্য নিয়োগ হবে। কমিশন সূত্রে জানা গেছে এখনো পর্যন্ত ১০ লক্ষ আবেদন জমা পড়েছে। তবে ২০১৬ এর তুলনায় তা কম।

০০০০০০০০০০০০০০০০০০

বাতাসের উপরিস্তরে পশ্চিমী ঝঞ্ঝার প্রভাব থাকার কারণে আজ আকাশ মেঘলা থাকলেও আগামীকাল থেকে তা পরিষ্কার হয়ে যাবে। এর ফলে দু এক জায়গায় ছিটেফোঁটা বৃষ্টির সম্ভাবনা থাকছে। সর্বনিম্ন তাপমাত্রা আগামীকাল পর্যন্ত না কমলেও বুধবার থেকে রাত্রিকালীন তাপমাত্রা দু থেকে চার ডিগ্রি পর্যন্ত কমতে পারে

বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।
কলকাতা ও আশপাশের এলাকাতেও আগামীকাল থেকে ধীরে ধীরে আকাশ পরিষ্কার
হবে এবং পরশু থেকে তাপমাত্রার পারদ নামবে বলে তিনি জানান।

(বাইট – হাবিবুর)

০০০০০০০০০০০০০০০০০০

বাংলা মহিলাদের অনূর্ধ্ব ২৩, টি - টোয়েন্টি ক্রিকেটের এলিট গ্রুপের কোয়ার্টার
ফাইনালে উঠেছে। নাগপুরে আজ বাংলা গ্রুপ লীগে তাদের শেষ ম্যাচে ৬৬ রানে
জম্মু ও কাশ্মীরকে পরাজিত করেছে। গ্রুপ পর্বে টানা পাঁচটি ম্যাচ জিতে বাংলার
মেয়েরা শেষ আটে পৌঁছেছে। টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে বাংলা ১৮
ওভার ৫ বলে ১৩৯ রান তোলে।

এরপর জম্মু ও কাশ্মীর ২০ ওভারে ৭ উইকেটে ৭৩ রান তুলতে সক্ষম হয়।

বাংলার পক্ষে তিতাস সাধু, পায়েল ভাখারিয়া ও পিয়ালি ঘোষ দুটি করে উইকেট
নিয়েছেন।

গ্রুপ ডির শীর্ষে থেকেই বাংলা নক আউট পর্বে খেলা নিশ্চিত করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

তাল গাছের ডোঙ্গা নিয়ে সুন্দরবনের নদী খাঁড়িতে মাছ ধরতে যাওয়া প্রান্তিক
মৎস্যজীবীদের ধর্ণা নবম দিনে পড়ল। গত একুশে নভেম্বর বিশ্ব মৎস্যজীবী দিবসে
কুলতলী বিট অফিসের সামনে তৈরি করা ধরনা মঞ্চ ভেঙে দেবার অভিযোগে দক্ষিণ
বঙ্গ মৎস্যজীবী ফোরাম এই কর্মসূচি শুরু করে। এর মধ্যে মৈপিঠ কোস্টাল থানার ও
সি র মধ্যস্থতায় সমস্যা মেটানোর চেষ্টা ব্যর্থ হলে বন্যপ্রাণের হাত থেকে রক্ষা পেতে
সংগঠনের পক্ষ থেকে পূর্ব গুড়গুড়িয়া গ্রামের শীতলা মন্দির বটতলায় ধর্ণা মঞ্চ
স্থানান্তর করা হয়। সংগঠনের সম্পাদক মিলন দাস জানিয়েছেন, বার্ষিক

নবীকরণযোগ্য পারমিট এর জন্য ব্যক্তিগত আবেদন পত্র বনদপ্তর গ্রহণ করছে না। সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের সম্প্রসারণ বাতিল এবং তিন মাস নদী খাঁড়িতে মাছ ধরায় নিষেধাজ্ঞা চলাকালীন রাজ্য সরকারের ঘোষণামত পাঁচ হাজার টাকা ভাতা অবিলম্বে চালু করতে হবে বলে দাবী জানানো হয়েছে।

oooooooooooooooooooooooooooo